

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৬৭৫

পর্ব-১১: হজ (এшыл)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - কুরবানীর দিনের ভাষণ, আইয়্যামে তাশরীক্তে পাথর মারা ও বিদায়ী তাওয়াফ করা

আরবী

وَفِي رِوَايَةِ أَحْمَدَ وَالنَّسَائِيِّ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: «إِذَا رَمَى الْجَمْرَةَ فَقَدْ حَلَّ لَهُ كلُّ شيءٍ إلا النساءَ»

বাংলা

২৬৭৫-[১৭] কিন্তু আহমাদ ও নাসায়ী ইবনু 'আব্বাস হতে হাদীসটি সহীহ সনদে বর্ণনা করেছেন যে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যখন কেউ জামারাতুল 'আকাবায়ে পাথর মারা শেষ করবে তার জন্য স্ত্রী সহবাস ছাড়া আর অন্য সব কাজ হালাল হয়ে যাবে।[1]

ফুটনোট

[1] সহীহ: নাসায়ী ৩০৮৪, আহমাদ ২০৯০, ইবনু মাজাহ ৩০৪১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَفِيْ رِوَايَةِ أَحْمَدَ وَالنَّسَائِيّ) আর ইবনু মাজাহ, ত্বহাবী এবং বায়হাক্বীতেও (৫ম খণ্ড ১৩৬ পৃষ্ঠা) এ ধরনের বর্ণনা রয়েছে হাসান আল 'আর্নী-এর সনদে এবং এ হাদীসটি ইবনু 'আব্বাস থেকে মারফু' এবং মাওকৃফ দু'ভাবেই বর্ণিত হয়েছে।

। খেশানে جمرة العقبة দারা جمرة الكالث (قَالَ: إِذَا رَمَى الْجَمْرَةَ)

প্র্যান্ত তার জন্য যতক্ষণ পর্যন্ত সে তাওয়াফে ইফাযাহ্ না করবে এতক্ষণ পর্যন্ত স্ত্রীসঙ্গত ছাড়া সবকিছুই বৈধ। আর এ হাদীসটি প্রমাণ করছে যে, প্রথম হালালের কারণ হিসেবে কংকর নিক্ষেপকেই ধরা হয় যেমনটি মালিকী মাযহাবের ফাতাওয়া রয়েছে। আর হানাফী মাযহাব অনুসারীরা হালকের বিষয়টি উহ্য হিসেবে ধরে নেন এ বিষয়ে বর্ণিত দু'ধরনের বর্ণনার মাঝে সমাধানকল্পে। আর এ হাদীসটি (যার ব্যাখ্যায় আমরা রয়েছি) মুনক্তি। কারণ হাসান আল 'আরনী ইবনু 'আব্বাস (রাঃ) থেকে শুনেননি। যেমনটা



বলেছেন ইমাম আহমাদসহ অনেক।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন